# Times Today BD

চট্টগ্রাম | 23 April, 2025

চট্টগ্রাম নগরীর চান্দগাঁও থানার বাহির সিগন্যাল এলাকায় ব্যাটারিচালিত অটোরিকশা চালকদের সাথে পুলিশের ধাওয়া-পালটা ধাওয়ায় দুই পুলিশ সদস্য আহত হওয়ার খবর পাওয়া গেছে।

বুধবার (২৩ এপ্রিল) দুপুর পর্যন্ত ওই জায়গায় উত্তেজনাকর পরিস্থিতি চলমান আছে।

এদিন সকাল ১০টার দিকে বাহির সিগন্যাল এলাকায় জব্দ করা অটোরিকশা ফেরত ও পুলিশের হয়রানি বন্ধের প্রতিবাদে সড়ক অবরোধ করে বিক্ষোভ শুরু করেন ব্যাটারিচালিত অটোরিকশা চালকরা।সকাল সাড়ে ১১টার দিকে পুলিশ গিয়ে তাদের সড়ক ছাড়তে বললে দু'পক্ষের মধ্যে বাকবিতণ্ডা হয়।একপর্যায়ে অটোরিকশা চালকদের সাথে পুলিশের পালটাপালটি ধাওয়ার ঘটনা ঘটে।

অটোরিকশা চালকরা পুলিশের দিকে ইট-পাটকেল মারতে থাকে। পরে বিক্ষোভকারীদের উদ্দেশ্য করে পুলিশ টিয়ারশেল ছুঁড়েন। এরপর সেনাবাহিনীর সদস্যরা গেলে চালকরা সড়ক ছেড়ে পালিয়ে যান।

পুলিশ জানায়, অটোরিকশা চালকরা প্রায় ৩ ঘণ্টা সড়ক অবরোধ করে রেখেছিলেন।বারবার তাদের অনুরোধ করে সড়ক থেকে সরে যেতে বললেও তারা সেখান থেকে যাচ্ছিলেন না। একপর্যায়ে তারা পুলিশকে উদ্দেশ্য করে ইট-পাটকেল ছুঁড়তে থাকেন। পরে পুলিশ বাধ্য হয়ে তাদের ছত্রভঙ্গ করতে টিয়ারশেল ছুঁড়ে।

এবিষয়ে চান্দগাঁও থানার অফিসার ইনচার্জ (ওসি) আফতাব উদ্দিন বলেন, রিকশাচালকদের অনেকবার বলেছি রাস্তা থেকে সরে দাঁড়াতে। তারা উলটো আমাদের ওপর হামলা চালিয়েছে।আমি ঘটনাস্থলে আছি।পরিস্থিতি নিয়ন্ত্রণে এলেও এখনও উত্তেজনা চলছে।

চান্দগাঁও থানার উপপরিদর্শক আনিসুর রহমান বলেন, ধাওয়া-পালটা ধাওয়ার ঘটনায় দুজন পুলিশ সদস্য আহত হয়েছে।একজনের মাথায় সেলাই দেওয়া হয়েছে।এখন পরিস্থিতি নিয়ন্ত্রণে।

প্রসঙ্গত, গেলো চারদিনে নগর পুলিশের ট্রাফিক বিভাগ ও জেলা প্রশাসনের যৌথ অভিযানে ৬শ'র বেশি ব্যাটারিচালিত রিকশা জব্দ করা হয়েছে। এপ্রিল মাসেই জব্দ ও ডাম্পিং করা হয়েছে দুই হাজারের মতো রিকশা। এ ছাড়া বিভিন্ন চার্জিং স্টেশনকে জরিমানা করেছে জেলা প্রশাসন।

অটোরিকশা চালক ধাওয়া-পালটা ধাওয়া পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 22:07

URL: https://timestodaybd.com/chittagong/1346313664